দৈনিক ইনকিলাব

তারিখ ............ পৃষ্ঠা 4 কলাম 2

NOV. 03 2002

# ঢাবি'র আরেক শিক্ষকের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের চেয়ারম্যানের বিরুদ্ধে তারই বিভাগের এক ছাত্রী যৌন হয়রানির লিখিত অভিযোগ করেছে। গতকাল (শনিবার) ভিসি প্রক্টর ও রেজিস্ট্রারের নিকট পৃথক পৃথক অভিযোগে চতুর্থবর্ষের উক্ত ছাত্রী উল্লেখ করে, কয়েক মাস আগে বিভাগের চেয়ারম্যান তাকে রুমে ডেকে নিয়ে জোরপূর্বক অশালীন আচরণ করে। ঘটনা ফাঁস করা হলে তাকে বিভাগ থেকে বহিষ্কারের হুমকি দেয়া হয়। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প্রফেসর এ এস এম আতীকুর রহমান এ অভিযোগের কথা স্বীকার করেছেন। এ ব্যাপারে প্রাণিবিদ্যা বিভাগের চেয়ারম্যানের সাথে যোগাযোগের চেষ্টা করে তাকে পাওয়া যায়নি।